NEW YORK STATE | Department of Health

# প্যালিয়েটিভ কেয়ার কী?

**প্যালিয়েটিভ কেয়ার (Palliative care) অসুস্থতার যেকোনো পর্যায়ের রোগীদের জন্য। এর উদ্দেশ্য হলো আপনাকে হাসপাতাল এবং জরুরি বিভাগে যাওয়ার প্রয়োজন কমানো। প্যালিয়েটিভ কেয়ার আপনার গুরুতর বা দীর্ঘস্থায়ী অসুস্থতার সাথে আসা ব্যথা বা উপসর্গগুলির ব্যবস্থাপনা করে। আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী এবং বিশেষজ্ঞদের দল আপনাকে এবং আপনার পরিবারকে সর্বোত্তম মানের পরিচর্যা প্রদানের জন্য একসাথে কাজ করে।**

## প্যালিয়েটিভ কেয়ার গ্রহণ করা আমার জন্য কখন সঠিক?

- আপনি কি সদ্য নির্ণীত কোনো রোগ নিয়ে হিমশিম খাচ্ছেন?
- আপনি কি সম্প্রতি হাসপাতালে ভর্তি হয়েছিলেন?
- আপনি কি প্রায়শই জরুরী বিভাগে যান?
- আপনি কি দীর্ঘস্থায়ী অসুস্থতার কারণে সৃষ্ট ব্যথা, উদ্বেগ, বা অন্যান্য উপসর্গে ভুগছেন?
- আপনি কি রোগ নিরাময়কারী চিকিৎসা গ্রহণ করছেন?

***আপনি যদি এই প্রশ্নগুলির কোনোটির উত্তর হ্যাঁ দিয়ে থাকেন, তাহলে প্যালিয়েটিভ কেয়ার আপনার জন্যই!***

## প্যালিয়েটিভ কেয়ারের খরচ কে বহন করে?

প্যালিয়েটিভ কেয়ার একটি বিশেষায়িত চিকিৎসা শাখা। Medicare সহ কিছু বীমা পরিকল্পনার অধীনে এর খরচ প্রদান করা হয়।

## আমি কোথায় প্যালিয়েটিভ কেয়ার পাব?

আপনি বর্তমানে যেখানেই থাকুন না কেন, প্যালিয়েটিভ কেয়ার পেতে পারেন -- আপনার বাড়িতে, হাসপাতালে, কিছু আউটপেশেন্ট ক্লিনিকে, বা কোনো পরিচর্যা কেন্দ্রে।

## আমি কীভাবে প্যালিয়েটিভ কেয়ার পেতে পারি?

শুধুই জিজ্ঞাসা করুন! যে কেউ প্যালিয়েটিভ কেয়ারের জন্য অনুরোধ করতে পারেন। এর মধ্যে রয়েছেন আপনি (রোগী), আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী, বন্ধুবান্ধব, পরিবারের কোনো সদস্য, বা কোনো সমাজসেবা সংস্থা।

# প্যালিয়েটিভ কেয়ার বনাম হসপিস কেয়ার

## প্যালিয়েটিভ কেয়ার এবং হসপিস কেয়ার (Hospice Care)-এর মধ্যে পার্থক্যগুলি জেনে নিন





| প্যালিয়েটিভ কেয়ার | হসপিস কেয়ার |
|---|---|
| অন্তিম পর্যায়ের রোগ নির্ণয়ের প্রয়োজন নেই: রোগীর গুরুতর বা দীর্ঘস্থায়ী রোগ (সমূহ) রয়েছে | অন্তিম পর্যায়ের রোগ নির্ণয়, যেখানে আয়ু 6 মাস বা তার কম বলে ধরা হয়: এটি অনুমান করা হয় যে রোগীর আয়ু 6 মাস বা তার কম শেষ রয়েছে |
| দীর্ঘস্থায়ী রোগের পরিচর্যা ব্যবস্থাপনা | জীবন-অন্তিম সময়ের পরিচর্যা |
| রোগ নিরাময়কারী চিকিৎসা চালিয়ে যাওয়া হয় | রোগ নিরাময়কারী চিকিৎসা বন্ধ করে দেওয়া হয় |


**হসপিস ও প্যালিয়েটিভ কেয়ার কেন্দ্র (Center for Hospice & Palliative Care)**

**বার্ধক্য ও দীর্ঘমেয়াদী পরিচর্যা সংক্রান্ত দপ্তর (Office of Aging and Long-Term Care)**

**ইমেল:** CHPC@health.ny.gov

**ফোন:** (518) 807-7848


health.ny.gov/hospice

NEW YORK STATE | Department of Health


#14218 (Bengali) 11/2025